

পরিচর্যা ও সুযোগের জন্য একটি পরিকল্পনা



আরো দ্রুত, ও আরো ভাবে ভাবে স্বাস্থ্যসেবা গ্রহণের সুযোগ

অন্টারিও তার স্বাস্থ্যসেবা ব্যবস্থার সব দিকেই উন্নয়ন ও সংস্কার কাজ অব্যাহত রেখেছে যাতে লোকজনের যখন ও যেখানে প্রয়োজন হয় তারা উচ্চমানের সেবা পেতে পারেন। এই বাজেটে, আগামী তিন বছরে \$5 বিলিয়ন ডলারেরও বেশি বাড়তি বিনিয়োগ পরিষেবাগুলোতে আরো বেশি ও আরো ভালো অ্যাক্সেস প্রদান করবে, এবং প্রিয়জনদের পরিচর্যার সাথে সম্পৃক্ত চাপ ও সময় কমাতেও সাহায্য করবে।



মানসিক স্বাস্থ্য গুরুত্বপূর্ণ

সারা অন্টারিওজুড়ে আরো ক্ষুদ্র শিশু, তরুণ-তরুণী ও প্রাপ্তবয়স্কদের জন্য আরো ভালো ও দ্রুততর মানসিক স্বাস্থ্য ও মাদকাসক্তি নিরাময় পরিষেবা প্রদান করা হবে — চার বছরের মধ্যে মোট তহবিল \$17 বিলিয়ন ডলারেরও বেশি অর্থে উন্নীত করা হবে।



শক্তিশালী হাসপাতাল, আরো ভালো পরিচর্যা

আরো ভালোভাবে পরিচর্যা পাওয়া, অপেক্ষার সময় কমানো, ক্যাপাসিটির সমস্যা সমাধান করা এবং অন্টারিওর ক্রমবর্ধমান ও বয়স বাড়তে থাকা জনগোষ্ঠীর চাহিদা আরো ভালোভাবে মেটানোর জন্য 2018-19 বছরে আরো \$822-মিলিয়ন ডলার বাড়তি বিনিয়োগের মাধ্যমে হাসপাতাল গুলোর উন্নয়ন করা হচ্ছে।



ওষুধ ও দাঁতের চিকিৎসার খরচ কমানো

অন্টারিওতে ওষুধ ও দাঁতের চিকিৎসা সংক্রান্ত নতুন কর্মসূচি চালু করা হচ্ছে, যার মাধ্যমে যারা অফিস থেকে স্বাস্থ্য সুবিধা পান না অথবা OHIP+ বা অন্য কোনো সরকারি কর্মসূচি থেকে কভারেজ পান না তারা প্রতি বছর উপযুক্ত প্রেসক্রিপশনের ওষুধ ও দাঁতের চিকিৎসার খরচের শতকরা 80 (আশি) ভাগ ফেরত পাবেন — অবিবাহিত ব্যক্তির জন্য সর্বোচ্চ \$400 ডলার, প্রত্যেক দম্পতির জন্য \$600 ডলার এবং দু'টি ছেলেমেয়েসহ চারজনের পরিবারের জন্য \$700 ডলার।

শক্তিশালী হাসপাতাল , আরো ভালো পরিচর্যা

অন্টারিওতে যা যা করা হচ্ছে:

- হাসপাতাল তৈরি ও সংস্কারের জন্য 10 বছরে প্রায় \$19 বিলিয়ন ডলার বিনিয়োগ করা হচ্ছে, এতে অন্তর্ভুক্ত রয়েছে SickKids-এর নতুন রোগী পরিচর্যা কেন্দ্রের ডিজাইন ও নির্মাণের জন্য \$2.4 বিলিয়ন ডলার এবং অটোয়া হাসপাতালের সিভিক ক্যাম্পাস পুনর্গঠনের ডিজাইন ও নির্মাণের জন্য \$1.8 বিলিয়ন ডলার।

OHIP+ এর মাধ্যমে ফার্মাকোর সম্প্রসারণ

অন্টারিওতে যা যা করা হচ্ছে:

- OHIP+ এর মাধ্যমে 65 বছর ও তারচেয়ে বেশি বয়সী সবার জন্য প্রেসক্রিপশনের ওষুধ সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করা হবে, যা প্রত্যেক প্রবীণ নাগরিকের প্রয়োজনীয় ওষুধ পাওয়ার বিষয়টি নিশ্চিত করবে। ‘অন্টারিও ড্রাগ বেনেফিট’-এর বার্ষিক ডিডাক্টিবল ও কো-পে বাতি করার মাধ্যমে, অন্টারিওর একজন প্রবীণ নাগরিকের বছরে গড়ে \$240 ডলার সাশ্রয় হবে।
- শিশু ও তরুণ-তরুণীদের জন্য OHIP+ এর মাধ্যমে বিনামূল্যে প্রেসক্রিপশনের ওষুধ প্রদান অব্যাহত রয়েছে। জানুয়ারি 1, 2018 তারিখে চালু করার পর থেকে, বিনামূল্যে প্রায় তিন মিলিয়ন প্রেসক্রিপশনের ওষুধ সরবরাহ করা হয়েছে।
- OHIP+ এর মাধ্যমে অন্টারিওর প্রতি দুইজনের মধ্যে প্রায় একজনের - প্রায় 6.4 মিলিয়ন মানুষের - প্রেসক্রিপশনের ওষুধ কভার করা হচ্ছে, যা একটি সার্বজনীন ফার্মাকোর কর্মসূচির পথে এগিয়ে যাচ্ছে যা সব কানাডিয়ানের জন্য বিনামূল্যে প্রেসক্রিপশনের ওষুধ প্রদানের জন্য ফার্মাকোর সম্প্রসারণ করবে।

মানসিক স্বাস্থ্য সংক্রান্ত বিষয়সমূহ

অন্টারিওতে যা যা করা হচ্ছে:

- প্রারম্ভিক হস্তক্ষেপকে সক্ষম করে তোলা এবং প্রতিরোধ প্রবর্ধনের জন্য আগামী দুই বছরের মধ্যে অন্টারিওর প্রত্যেক হাই স্কুল শিক্ষার্থীকে মানসিক স্বাস্থ্য সহায়তা প্রদান করা হবে।
- সরকারি অর্থায়নে পরিচালিত সাইকোথেরাপিতে অ্যাক্সেস বাড়ানোর মাধ্যমে প্রদেশজুড়ে শিশু ও যুবসহ আরো 350,000 পর্যন্ত মানুষকে উদ্বেগ ও বিষণ্ণতার ক্ষেত্রে সাহায্য করা হবে।
- যাদের নিরাপদ, সাশ্রয়ী ও যথাযথ বাসস্থানে পরিচর্যা প্রয়োজন তাদের জন্য চার বছরের মধ্যে আরো 2,475টি সহায়ক হাউজিং ইউনিট যোগ করা হচ্ছে।
- পরিষেবাগুলোতে অ্যাক্সেস উন্নত করা, 12 থেকে 25 বছর বয়সী যুবদের গুরুত্বপূর্ণ পরিষেবার গ্যাপ পূরণ করা এবং প্রাপ্তবয়স্ক পরিষেবায় ক্রান্তিকা উন্নত করার জন্য কমপক্ষে 15টি বাড়তি যুব কল্যাণ হাব তৈরি করা হচ্ছে।
- একটি নতুন ‘লোকা সার্ভিস প্রায়োরিটি ফান্ড’ গঠন করা হচ্ছে, যা LGBTQI2S, জাতিগত বৈষম্যের শিকার, ক্রাঙ্কোফোন, নবাগত ও কম সুবিধাপ্রাপ্ত গ্রামীণ যুবদের মানসিক স্বাস্থ্য সহায়তা প্রাপ্তিকে জোরদার করবে।

পরিচর্যাকারী ও পরিবারবৃন্দকে সহায়তা প্রদান

অন্টারিওতে যা যা করা হচ্ছে:

- নতুন 'সিনিয়র্স হেলদি হোম' কর্মসূচি চালু করা হচ্ছে। এটি বয়স্ক প্রবীণ ব্যক্তিদের বাড়িতে বসবাস করার সাথে (যেখানে তারা থাকতে চান) সংশ্লিষ্ট খরচ চিহ্নিত করে থাকে। 75 বছর বা তারচেয়ে বেশি বয়সী ব্যক্তিদের নেতৃত্বে পরিচালিত যোগ্য পরিবারগুলোকে এটি বছরে সর্বোচ্চ \$750 ডলার বেনিফিট প্রদান করে যাতে তারা স্বাধীনভাবে বসবাস করতে পারেন এবং তাদের বাড়ি রক্ষণাবেক্ষণের খরচ পোষাতে পারেন।
- তিন বছরের মধ্যে \$650-মিলিয়ন ডলার বিনিয়োগের মাধ্যমে আরো 2.8 মিলিয়ন ঘন্টা ব্যক্তিগত সহায়তা এবং আরো 284,000 নার্সিং ভিজিটসহ গৃহ ও কমিউনিটি স্বাস্থ্যসেবা পরিষেবায় আরো বেশি অ্যাক্সেস প্রদান করা হবে।
- দীর্ঘ-মেয়াদি কেয়ার হোমে থাকা প্রত্যেক ব্যক্তির দৈনিক পরিচর্যা পাওয়ার পরিমাণ গড়ে চার ঘন্টায় উন্নীত করা হবে।
- যারা আর আত্মনির্ভরশী ভাবে বসবাস করতে পারছেন না তাদেরকে সাহায্য করার জন্য এবং যারা তাদের পরিচর্যা করছেন তাদেরকে মানসিক শান্তি প্রদানের জন্য আগামী 10 বছরের মধ্যে 30,000 নতুন দীর্ঘমেয়াদি পরিচর্যার বেড তৈরি করা হচ্ছে - 2022 সালের মধ্যে 5,000 নতুন বেড যোগ করা হচ্ছে। এই নতুন বেডগুলো বর্তমানে সংস্কাররত 30,000 বিদ্যমান বেডের অতিরিক্ত।